

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৯, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৯ই জুলাই, ২০০৯/২৫শে আষাঢ়, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৯ই জুলাই, ২০০৯ (২৫শে আষাঢ়, ১৪১৬) তারিখে
রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা
যাইতেছে :—

২০০৯ সনের ৩৮ নং আইন

সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ (২০০৬ সনের ৬ নং আইন) এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ (২০০৬ সনের ৬ নং
আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন,
২০০৯ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ২ চৈত্র, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ১৬ মার্চ, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে
কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০০৬ সনের ৬ নং আইন এর ধারা ২ এর সংশোধন।—সার (ব্যবস্থাপনা) আইন,
২০০৬ (২০০৬ সনের ৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) উপ-ধারা (৭) এর পর নিম্নরূপ নৃতন উপ-ধারা (৭ক) সন্নিবেশিত হইবে, যথা :—

“(৭ক) “জৈব সার বা Organic Fertilizer” অর্থ জৈব পদার্থ হইতে
সংগৃহীত, প্রক্রিয়াজাত অথবা ৱৃপ্তান্তরিত সার;”;

(৫৪৯৯)

মূল্য : টাকা ২.০০

(খ) উপ-ধারা (২০) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২০) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২০) “মিশ্র সার বা Mixed Fertilizer” অর্থ—

(ক) কেবলমাত্র বিভিন্ন ধরনের রাসায়নিক সারের মিশ্রণ হইতে; এবং

(খ) কেবলমাত্র বিভিন্ন ধরনের জৈব সারের মিশ্রণ হইতে প্রস্তুতকৃত সার;”;

(গ) উপ-ধারা (২৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২৪) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২৪) “সার বা Fertilizer” অর্থ রাসায়নিক সার, জৈব সার ও জীবাণু সার এবং ইহা ছাড়াও সরলসার, মিশ্র সার, যৌগিক সার, অনুপুষ্টি সার এবং সারজাতীয় দ্রব্যও ইহার অন্তর্ভুক্ত হইবে;”।

৩। ২০০৬ সনের ৬ নং আইন এর ধারা ৪ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪ এর উপ-ধারা (২) এর দফা (খ) এর পর নিম্নরূপ নৃতন দফা (খখ) সন্তুষ্টিত হইবে, যথা :—

“(খখ) বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত ও বাজারজাতকৃত জৈব সারের বিনির্দেশ অনুমোদনের বিষয়ে সরকারের নিকট সুপারিশ পেশকরণ;”।

৪। ২০০৬ সনের ৬ নং আইন এর ধারা ১৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৩ এর উপ-ধারা (১) এর দফা (চ) এর প্রাপ্তস্থিত দাঁড়ির “।” পরিবর্তে সেমিকোলন “;” প্রতিস্থাপিত হইবে এবং উহার পর নিম্নরূপ নৃতন দফা (ছ) ও (জ) সংযোজিত হইবে, যথা :—

“(ছ) উৎপাদনের তারিখ; এবং

(জ) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।”।

৫। হেফাজত সংক্রান্ত বিশেষ বিধান।—(১) সার (ব্যবস্থাপনা) (সংশোধন) অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৭ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (২) এর বিধান অনুসারে উক্ত অধ্যাদেশের কার্যকরতা লোপ পাওয়া সত্ত্বেও অনুরূপ লোপ পাইবার পর উহার ধারাবাহিকতায় বা বিবেচিত ধারাবাহিকতায় কোন কাজকর্ম কৃত বা ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহা এই আইনের অধীনেই কৃত বা গৃহীত হইয়াছে বলিয়াও গণ্য হইবে।

প্রণব চক্রবর্তী

অতিরিক্ত সচিব

ও

সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd